



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাবি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম 'বঙ্গমাতা পরিষদ'-এর প্রেসিডিয়াম সদস্য নির্বাচিত
॥ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩০ আগস্ট ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম 'বঙ্গমাতা পরিষদ'-এর প্রেসিডিয়াম সদস্য নির্বাচিত হয়েছেন। গত ২৩ আগস্ট ২০২১ তারিখে উপাচার্যের কাছে প্রেরিত বঙ্গমাতা পরিষদের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক এম. আনিছুর রহমান স্বাক্ষরিত এক পত্রে উপাচার্যকে বঙ্গমাতা পরিষদের সর্বোচ্চ ফোরামের প্রেসিডিয়াম মেম্বর হিসেবে মনোনয়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হওয়ার তথ্য জানানো হয়।

উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম তাঁকে এ পদে নির্বাচিত করায় মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এবং 'বঙ্গমাতা পরিষদ'-এর সভাপতি সৈয়দা সাজেদা চৌধুরী, এম.পি'র প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য আশা প্রকাশ করেন যে, মহীয়সী নারী বঙ্গমাতার জীবনাদর্শ নতুন প্রজন্মের কাছে পৌঁছে দিতে 'বঙ্গমাতা পরিষদ' কাজ করবে। এবং এ কাজে অংশীজন হতে পেরে তিনি গর্ববোধ করছেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

